গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা:২৪৮/২০১৭/ ৪৭৭৬ তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: ১৫৯ তম কমিশন সভার কার্যবিবরণী।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫৯ তম কমিশন সভা ১৩ সেপ্টেম্বর,, ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫৯/১ | আলোচ্য বিষয়: ১৫৮তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>সিদ্ধান্ত : ১৫৮তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৫৯/২ | আলোচ্য বিষয়: ১৫৮তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>সিদ্ধান্ত: ১৫৮তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| ১৫৯/৩ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>সিদ্ধান্ত : দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষেনিম্নোক্ত ৬ (ছয়) টিপ্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৩৩৪ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. ক্রসওয়্যার নীটওয়্যার ইন্ডাস্ট্রিজ লিমিটেড [দুর্গাপুর, কাঠগড়া বাজার, জিরাবো, আশুলিয়া, ঢাকা] এর অনুকূলে ৩৫২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয় হাজার) টাকা;<br><br>২. এ কে এইচ ওয়াশিং লিমিটেড [নন্দাখালি, হেমায়েতপুর, সাভার, ঢাকা] এর অনুকূলে ৬৬০ কি:ও: [৪৪০ + ২২০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৩. আলাউদ্দিন এন্ড সন্স (প্রা:) লিমিটেড [এ-১১৩, বিসিক, টঙ্গী, গাজীপুর, ঢাকা] এর অনুকূলে ২৯০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৪. এএসকে হ্যান্ডিক্রাফটস লিমিটেড [গ্রাম: মোগরাকান্দা, পো: ভাকুর্তা বাজার, থানা: সাভার, ঢাকা] এর অনুকূলে ২৪ কি:ও: [১২ + ১২] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৫. ফেবিয়ান গ্রেড লিমিটেড [প্লট নং: এ-১৭, ১৮, ১৯, ২০, বি ২৬-২৭, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, কালুরঘাট, চট্টগ্রাম, বাংলাদেশ] এর অনুকূলে ৫০৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৬. শালবাহন ফার্মস লিমিটেড (ইউনিট-২) [বহুতি, শিয়ালকল, বাজার ভদ্রঘাট, সিরাজগঞ্জ] এর অনুকূলে ৫০০ কি:ও:(গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৫৯/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** দাখিলকৃত আবেদনও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষেনিম্নোক্ত ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৮০৮কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. ওয়েলডান অ্যাপারেল লিমিটেড [বেড়াইদের চালা, শ্রীপুর, গাজীপুর]এর অনুকূলে ২৬৪ কি:ও: হতে ৫২৮ কি:ও:বৃদ্ধিপূর্বক৭৯২ কি:ও: [২৬৪ + ৫২৮](ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ১৭/০১/২০১৭ হতে ১৬/০১/২০২০;<br><br>২. অনুপম হোসিয়েরী ইন্ডাস্ট্রিজ (প্রা:) লিমিটেড[ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ]এর অনুকূলে৬২০ কি:ও: [৪০০ + ২২০] হতে ২৮ কি:ও: বৃদ্ধিপূর্বক ৬৪৮ কি:ও: [৪০০ + ২২০ + ২৮](ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ১১/০৯/২০১৬ হতে ১০/০৯/২০১৯;<br><br>৩. ব্রিটেক্স স্পোর্টসওয়্যার লিমিটেড [পারিজাত, কোনাবাড়ি, গাজীপুর]এর অনুকূলে ৩৫২ কি:ও:এর পরিবর্তে ৫২৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৪/০৯/২০১৬ হতে ১৩/০৯/২০১৯;<br><br>৪. মিম সোয়েটারস লিমিটেড [বাশান, সড়ক বাজার, ভোগরা, গাজীপুর]এর অনুকূলে ৩২০কি:ও: হতে ৪৪০ কি:ও: বৃদ্ধিপূর্বক৭৬০ কি:ও: [৩২০ + ৪৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা, মেয়াদ: ২৭/১০/২০১৬ হতে ২৬/১০/২০১৯;<br><br>৫. অ্যারিস্টোক্র্যাট ফ্যাশনস লিমিটেড [অনিক প্লাজা (৪র্থ ও ৫ম তলা), প্লট নং: ১৫৫, রোড নং: ০১, ব্লক: এ, সেকশন: ১২, মিরপুর, ঢাকা-১২১৬]এর অনুকূলে ৮০কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট) বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে ঠিকানা পরিবর্তনপূর্বক অ্যারিস্টোক্র্যাট ফ্যাশনস লিমিটেড [১০৯, নয়াবাড়ি, সাভার, ঢাকা-১৩৪০] এর অনুকূলে ৮০কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ২৭/০৪/২০১৬ হতে ২৬/০৪/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৯/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫৩ (তেপান্ন)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫৩ (তেপান্ন) টি প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায়। এ সকল প্রতিষ্ঠানকে ২০১৭ সালের মে এবং আগস্ট মাসে পত্র জারীর ১৫ দিনের মধ্যে যাচিত ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ বাতিল করা হবে মর্মে জানিয়ে পত্র প্রেরণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) সভায় উপস্থাপিত ৫৩ (তেপান্ন) টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় (পরিশিষ্ট-খ);<br><br>(খ) নথিভুক্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহের তালিকা প্রণয়ন করে পরবর্তী সময়ে তাদের নতুন করে আবেদন করার জন্য অনুরোধ জানাতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৯/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৪(চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৪ (চার) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৬.৭৩১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ১. গোল্ডেন রিফিট গার্মেন্টস লিমিটেড, ৫৮৯, শিরিরচালা, বাঘের বাজার, ভবানীপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ৫৮৯, শিরিরচালা, বাঘের বাজার, ভবানীপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৩৯২ মেগাওয়াট [ ১৭৫ কি.ও. (ডিজেল) + ৩৫২ কি.ও. (ডিজেল) + ৩২০ কি.ও. (ডিজেল) + ৫৪৫ কি.ও. (ডিজেল)]।<br><br>২. ক্রাউন ফ্যাশন এন্ড সোয়েটার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ক্রাউন প্লাজা, প্লট নং- ৭৮১-৭৮২, ভোগড়া, জয়দেবপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ক্রাউন প্লাজা, প্লট নং- ৭৮১-৭৮২, ভোগড়া, জয়দেবপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৯৯১ মেগাওয়াট [ ৯০০ কি.ও. (ডিজেল) + ৪৪০ কি.ও. (ডিজেল) + ৫৫০ কি.ও. (ডিজেল) + ১০১ কি.ও. (ডিজেল)]।<br><br>৩. এডিসন ফুটওয়্যার লিমিটেড, জে.এল. নং-০৫, মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ জে.এল. নং-০৫, মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৪০৮ মেগাওয়াট [ ৭০৪ কি.ও. (ডিজেল) X ২ ]।<br><br>৪. মাসকো ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ২২১-২২৩, খরতৈল, সাতাইশ রোড, টঙ্গী, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ২২১-২২৩, খরতৈল, সাতাইশ রোড, টঙ্গী, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৯৪ মেগাওয়াট [১৫০০ কি.ও. (গ্যাস) + ৪৪০ কি.ও. (ডিজেল) ] | |
| ১৫৯/৭ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২(দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ২ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ৯.১৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. সানগড় টেক্স লিমিটেড, টি.কে. ভবন (১১ তলা), ১৩, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ শিবরাম মৌজা, জিরানি বাজার, পিটিসি জিরানি বাজার, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ২.০৬ মেগাওয়াট (গ্যাস ভিত্তিক)।<br><br>২. সৈয়দ স্পিনিং এন্ড কটন মিলস লিমিটেড, ইস্টার্ন ম্যানশন (২য় তলা), ৬৭/৯, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ শিলন্দা, শিয়ালকোল, সিরাজগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৭.০৯ মেগাওয়াট [১০৩০ কি.ও. (গ্যাস) X ৩ + ২০০০ কিঃওঃ (গ্যাস) X২ ]। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৯/৮ | **আলোচ্য বিষয়:** কুশিয়ারা পাওয়ার কোম্পানী লিমিটেড কর্তৃক আইপিপি ক্যাটাগরির গ্যাস ভিত্তিক ১০৯ মেঃওঃ ক্ষমতার সিম্পল সাইকেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সাময়িক লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** কুশিয়ারা পাওয়ার কোম্পানী লিঃ, ময়মনপুর, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর বিপরীতে আইপিপি ক্যাটাগরির গ্যাস ভিত্তিক ১০৯ মে.ও. ক্ষমতার সিম্পল সাইকেল বিদ্যুৎ উৎপাদনের জন্য বাণিজ্যিক পরিচালনের তারিখ (COD) ২৫-০৭-২০১৭ হতে ১ (এক) বৎসরের সাময়িক লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৯/৯ | **আলোচ্য বিষয়:** সিক্কেন সুইং লিমিটেডের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট জালিয়াতির বিষয়ে অভ্যন্তরীণ তদন্ত করত: কমিশনকে অবহিত ও প্রতিষ্ঠানটির অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট নবায়ন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, 'সিক্কেন সুইং লিঃ, বানিয়ার চালা (মেম্বারবাড়ী), ভবানীপুর, গাজীপর এর বিরুদ্ধে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট জালিয়াতির বিষয়ে তদন্ত করে সুপারিশসহ একটি প্রতিবেদন কমিশনের নিকট উপস্থাপন করতে হবে মর্মে ১৫৬তম কমিশন সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। কমিশনের সিদ্ধান্তের আলোকে তদন্ত করে প্রতিবেদন কমিশনের নিকট উপস্থাপন করা হয়েছে। প্রতিষ্ঠানটির বিপরীতে লাইসেন্স প্রদান/ নবায়নের ক্ষেত্রে কমিশন থেকে সময় ক্ষেপন হয় নাই। প্রতিষ্ঠানটি ইতোপূর্বে লাইসেন্স নবায়নের জন্য সময় মত আবেদন করেছে এবং কমিশন হতে তা যথাসময়ে নবায়নও করা হয়েছে। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | তৃতীয় বারের নবায়নের জন্য মূল সার্টিফিকেট আনার জন্য বলা হলে তারা ২টি দুই ক্ষমতার ওয়েভার সার্টিফিকেট কমিশনের কর্মকর্তার কাছে প্রদর্শন করে। প্রতিষ্ঠানটির ২ জন কর্মকর্তা কমিশনে এসে সার্টিফিকেট জালিয়াতির বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন। গত ২৩-০৮-২০১৭ তারিখে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক কমিশন বরাবর একটি পত্র দেওয়া হয়। পত্রে সার্টিফিকেট জালিয়াতির বিষয়ে উল্লেখ করেন যে, প্রতিষ্ঠানের উর্ধতন কর্মকর্তাদের অগোচরে এইচআর বিভাগের একজন কর্মকর্তা জালিয়াতি সংশ্লিষ্ট কাজ করেছেন। উক্ত কর্মকর্তার নানাবিধ অসদাচরণ কর্মকান্ডের জন্য তাকে বরখাস্ত করা হয়েছে। এ ধরনের জালিয়াতি কাজের জন্য কোম্পানী ক্ষমা প্রার্থনা করেছে। তাদের পূর্বের ৩১০ কি:ও: ক্ষমতার জেনারেটরটি নষ্ট হয়ে যাওয়ায় বর্তমানে ১৬০ কি:ও: এবং ১৯২ কি:ও: ক্ষমতার ২টি জেনারেটর স্থাপন করেছে। প্রতিষ্ঠানটি পরিদর্শনের জন্য তারা অনুরোধ জানিয়েছে।<br><br>সিক্কেন সুইং লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক কমিশন বরাবর পত্র মারফত সার্টিফিকেট জালিয়াতির বিষয়ে ক্ষমা প্রার্থনা করা, প্রতিষ্ঠাটির কর্তৃপক্ষের অগোচরে একজন কর্মকর্তার জালিয়াতি সংশ্লিষ্ঠতার কারণে তাকে চাকুরী হতে বরখাস্ত করা, সময়মত তাদের লাইসেন্স নবায়ন করার ধারাবাহিকতা ও শতভাগ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান বিবেচনায় সার্টিফিকেট জালিয়াতির জন্য কঠোর ব্যবস্থা না নেয়া এবং প্রতিষ্ঠানটি পরিদর্শন করতঃ পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে লাইসেন্স নবায়নের প্রস্তাব কমিশন সভায় আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত :**<br>(ক) সিক্কেন সুইং লিঃ এর লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট জালিয়াতির বিষয়টি নথিভুক্ত করা হবে;<br>(খ) প্রতিষ্ঠানটিকে এতদবিষয়ে সর্তক করে একটি পত্র প্রেরণ করতে হবে;<br>(গ) প্রতিষ্ঠানটি পরিদর্শন করে সকল তথ্য ও উপাত্ত বিবেচনায় নিয়ে লাইসেন্স নবায়ন করতে হবে। | |
| ১৫৯/১০ | **আলোচ্য বিষয়:** 'ইনডেক্স পাওয়ার এন্ড এনার্জি লি:' এর অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্স এর মেয়াদ ৬ মাস বৃদ্ধিকরণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** ইনডেক্স পাওয়ার এন্ড এনার্জি লি: (শালবুনিয়া, বিদ্যারবাহন, মংলা, বাগেরহাট)-এর অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্স এর মেয়াদ ৬ (ছয়) মাস (২৩/০৭/২০১৭ হতে ২২/০১/২০১৮ পর্যন্ত) বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হলো। তবে উক্ত সময়ের মধ্যে তার নিয়োজিত মাস্টার ডিস্ট্রিবিউটর বেক্সিমকো পেট্রোলিয়াম লিমিটেড-কে বিতরণ ও বিপণন লাইসেন্স গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো | পরিচালক (গ্যাস) |
| ১৫৯/১১ | **আলোচ্য বিষয়:** 'মাজ সিএনজি ফিলিং সেন্টার'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস ও অঙ্গীকারনামা দাখিল করায় 'মাজ সিএনজি ফিলিং সেন্টার' (৩৪, পাহাড়িকা, উত্তর পীরমহল্লা, সিলেট)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৫৯/১২ | **আলোচ্য বিষয়:** 'উর্বী সিএনজি ফিলিং স্টেশন' এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত লাইসেন্সে স্বত্বাধিকারীর নাম সংশোধনপূর্বক লাইসেন্স নবায়ন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'উর্বী সিএনজি ফিলিং স্টেশন' (কাটালী, ভালুকা, ময়মনসিংহ)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য কমিশন হতে প্রদত্ত লাইসেন্সে স্বত্বাধিকারী জনাব কাজী শওকত হোসেন এর পরিবর্তে জনাব সানজানা শওকত উর্বী'র নামে সংশোধনপূর্বক লাইসেন্সটি নবায়নের অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৫৯/১৩ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৬ (ছয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মুল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ৬ (ছয়)টি টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |

১. লিলি কেমিক্যাল কোম্পানী, ৪৪ আব্দুল হাদি লেন, বিসমিল্লাহ মার্কেট, বংশাল, ঢাকা-১১০;]
প্রকার: মজুদকরণ মজুদাগারের ঠিকানা: মৌজাঃ গোলাকান্দাইল, উপজেলাঃ রুপগঞ্জ, জেলাঃ নারায়নগঞ্জ
বার্ষিক চাহিদা: Acetone: 10 MT, Toluene : 21 MT, Methanol: 310 MT, S.B.P.S: 103 MT, Hexane: 207 MT, Methyl Acetate: 52 MT, Cyclo Hexanone: 10 MT, MTT/White Sprit: 103 MT, IPA: 10 MT, MIBK: 6 MT, Butyl Acetate: 21 MT, Di-Acetone: 3 MT, Di-Ethelene Glycol: 6 MT, Butailene Glycol: 6 MT, Liquid Paraffin: 42 MT, Methyl Ethyl Ketone: 10 MT, Ethyl Acetate: 21 MT, Xylene: 21 MT, Thinner : 21 MT, Motor Sprit: 207 MT
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
মেয়াদ: মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর

২. কেএসএল লুব্রিকেন্ট, ২১/১ পূর্ব মাদারটেক, বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪;
প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ;
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ নন্দিপাড়া, থানাঃ সবুজবাগ, ঢাকা;
বার্ষিক চাহিদা: Engine Oil (20W50, SN, 15W40, CF-4): 1,00,000 Litres
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;
মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর ।

৩. বিটি লিমিটেড, ৮৭ নিউ ইস্কাটন, হোম টাউন, লেভেল-১০, ঢাকা-১০০০;
প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ মাতুয়াইল, থানাঃ কদমতলী, ঢাকা
বার্ষিক চাহিদা: Engine Oil (SL,SF,SG/CD,CF,SN,SM,SN/CF,CI4): 2,20,000 Liters; Gear Oil (GL-4/5): 20,000 Liters; Hydraulic Oil (46, 68, 100): 20,000 Liters; Brake Oil (DOT-3/4): 20,000 Liters; Coolant: 20,000 Liters. Total:3,00,000 liters।
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।
মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর

৪. মিলেনিয়াম ডিস্ট্রিবিউশন সার্ভিসেস লিঃ; ২০৬/১-২০৭/১ বীরউত্তম মীর শওকত সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮;
প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ;
মজুদাগারের ঠিকানা: ১৩/১৪ কালুরঘাট হেভী ইন্ডাস্ট্রিয়াল এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম;
বার্ষিক চাহিদা: Lubricating Oil (0W40,5W30/40,10W40,15W40/50,20W50,80W90):6,44,000 liters; Grease: 4,800 Litres ; Additives: 41,700 Liters; Total: 6,90,500 liters
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে।
মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর ।

৫. মেসার্স তাহমিদ এন্টারপ্রাইজ, ১৪০২/১৪৮৫ ডি.টি লেন, পশ্চিম মাদার বাড়ি, চট্টগ্রাম;
প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: ১৭০ নাসিরাবাদ ইন্ডাস্ট্রিয়াল এলাকা, বায়েজীদ বোস্তামী রোড, চট্টগ্রাম
বার্ষিক চাহিদা: Bitumen (60/70): 3,000 M.T, Liquid Paraffin: 200 M.T, Paraffin Wax: 600 M.T, Grease (MP,EP): 200 M.T, Gear Oil (GL-4): 20 M.T, Engine Oil (SAE 15W40, 20W50, 50): 180 M.T।
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;
মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর ।

| | | |
|---|---|---|
| | ৬. উজালা পেইন্ট ইন্ডাস্ট্রি;এএইচএন টাওয়ার (১২ তলা), বীর উত্তম সিত্তার দত্ত রোড, বাংলামোটর, ঢাকা-১০০০;<br>প্রকার: মজুদকরণ ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ কান্দি বলিয়ারপুর, যামুর, মুচিপাড়া, থানাঃ সাভার, জেলাঃ ঢাকা;<br>বার্ষিক চাহিদা: MTO/MTT/Low Aromatic White Spirit: 7,20,000 Litres, Alkyd Resin: 6,00,000 kg, Petroleum Resin: 1,80,000 kg, Emulsion: 5,40,000 kg, Xylene: 1,80,000 kg, Octanol: 1,800 kg, Anti Foaming: 3,600 kg, Glycerin: 14,400 kg, Bitumen: 3,600 kg, P. Glycol: 14,400 kg, Vinyl Acetate Monomer: 84,000 kg, 2-Ethyl Hexyl Acrylate: 14,400 kg, Epoxy Resin:18,000 kg, Methyl Methacrylate: 18,000 kg, Texanol: 14,400 kg, Acrylic Polyol: 6,000 kg, Butyl Acrylate: 2,40,000 kg, Methyl Acrylate Acid: 7,200 kg, Ethyl Acrylate: 14,400 kg, Diesel: 8,400kg<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর। | |
| ১৫৯/১৪ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ১(এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১.মেসার্স মোঃ জামিল ইকবাল<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ খিদিরপুর, উপজেলাঃ সিলেট সদর, সিলেট<br>বার্ষিক চাহিদা: Bitumen (60/70,80/100): 10,000 M.T<br>মেয়াদ: ২১/১২/২০১৬ হতে ২০/১২/২০১৭ তারিখ পর্যন্ত | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৫৯/১৫ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন করা হয়:<br><br>১. মেসার্স মাহাবুব এন্টারপ্রাইজ [২৭৪ নং নুর বিল্ডিং (৩য় তলা), খাতুনগঞ্জ, চট্টগ্রাম]<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগার: মৌজাঃ পঞ্চাশর, থানাঃ মুন্সীগঞ্জ, জেলাঃ মুন্সীগঞ্জ<br>চাহিদাঃ Bitumen (80/100, 85/100, 60/70): 5,000 M.T<br>মেয়াদঃ ২১/০৪/২০১৭ হতে ২০/০৪/২০১৯<br>সংশোধন ফিস: ৫,০০০/- টাকা।<br>কার্যালয়ের ঠিকানা ১৬৪৩ ওসমান মঞ্জিল, আসাদগঞ্জ, চট্টগ্রাম হতে পরিবর্তন করে ২৭৪ নং নুর বিল্ডিং (৩য় তলা), খাতুনগঞ্জ, চট্টগ্রাম এ পরিবর্তন পূর্বক সংশোধন | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৫৯/১৬ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ নির্দেশনাবলী অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** সভায় উপস্থাপিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ নির্দেশনাবলী পুনরায় পরীক্ষা-নিরীক্ষপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | সচিব |
| ১৫৯/১৭ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত বার্ষিক প্রশিক্ষণ সূচী অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত বার্ষিক প্রশিক্ষণ সূচী পুনরায় পরীক্ষা-নিরীক্ষপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | সচিব |

| | | |
|---|---|---|
| ১৫৭/১৮ | আলোচ্য বিষয়: যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া পাবলিক ইউটিলিটি কমিশনের অফিস অব এডমিনিসট্রেটিভ ল' জজ এর আমন্ত্রণে ১১, ১৯-২০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে বিইআরসি ট্রাইব্যুনালের চেয়ারম্যানের স্টাডি ট্যুরে অংশগ্রহণের অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত : যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া পাবলিক ইউটিলিটি কমিশনের অফিস অব এডমিনিসট্রেটিভ ল' জজ এর আমন্ত্রণে ১১, ১৯-২০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে স্টাডি ট্যুরে অংশগ্রহণের জন্য বিইআরসি ট্রাইব্যুনালের চেয়ারম্যানের অনুমোদন/অনাপত্তি প্রদানের বিষয়টি প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | সচিব |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৪৭৭৩

তারিখ:১৭ সেপ্টেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫